গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১৬/২০১৮-২০১৯
ঢাকা, মঙ্গলবার ১৪ মে ২০১৯, ৩১ বৈশাখ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। শিক্ষাক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে শূন্য সহিষ্ণুতার নির্দেশ রাষ্ট্রপতির
দুদকের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন
২। দেশের উন্নয়নে কাজ করতে বৌদ্ধ সম্প্রদায়ের প্রতি রাষ্ট্রপতির আহ্বান
৩। বাজেট অধিবেশন শুরু আগামী ১১ জুন
৪। প্রধানমন্ত্রী জাপান ও সৌদি আরব সফরে যাচ্ছেন আগামী ২৮ মে
৫। যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার আগামী ১৯ মে
৬। অভিনেতা এ টি এম শামসুজ্জামানের উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর ১০ লাখ টাকা অনুদান
৭। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত সংবাদ প্রচারে মিডিয়া সেন্টার স্থাপন করা হবে : তথ্যমন্ত্রী
৮। চরবাসীর জন্য আগামী বাজেটে ১০০ কোটি টাকা বরাদ্দ : পরিকল্পনামন্ত্রী
৯। ঈদের ছুটির আগে শ্রমিকদের বেতন পরিশোধ করুন : শ্রম প্রতিমন্ত্রী
১০। ঈদের অগ্রিম টিকিট বিক্রি শুরু বাসের ১৭ মে এবং ট্রেনের ২২ মে থেকে
১১। ত্রাণ বিতরণে অনিয়ম করলে কঠোর ব্যবস্থা : ত্রাণ প্রতিমন্ত্রী
১২। ঢাকা-দিল্লি রুটে বিমানের প্রথম ফ্লাইট চালু
১৩। বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে সারাদেশে নিরাপত্তা জোরদার
১৪। বিদেশ ফেরত প্রবাসীদের তথ্য সংগ্রহের উদ্যোগ : আইওএম'র সঙ্গে চুক্তি স্বাক্ষর
১৫। দেশে দারিদ্র্যের হার ২১ দশমিক ৮ ও হতদরিদ্রের হার ১১ দশমিক ৩ শতাংশ :
বিবিএসের খানা জরিপের চূড়ান্ত তথ্য
১৬। জালনোট প্রতিরোধে ব্যাংকগুলোকে সতর্কতার নির্দেশ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন
১৭। ত্রিদেশীয় সিরিজে ওয়েস্ট ইন্ডিজকে ৫ উইকেটে হারিয়ে ফাইনালে বাংলাদেশ

চলমান পাতা-২

১। **শিক্ষাক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে শূন্য সহিষ্ণুতার নির্দেশ রাষ্ট্রপতির**
দুদকের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন

শিক্ষাক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধে দুদকের শূন্য সহিষ্ণুতার নীতি অনুসরণ করতে বলেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (১৩ মে সোমবার) দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদের নেতৃত্বে কমিশনের চার সদস্যের একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির নিকট দুদকের ২০১৮ সালের বার্ষিক প্রতিবেদন হস্তান্তর করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১)।

২। **দেশের উন্নয়নে কাজ করতে বৌদ্ধ সম্প্রদায়ের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সাম্প্রদায়িক সম্প্রীতি ও ঐতিহ্য সমুন্নত রাখা এবং গৌতম বুদ্ধের আদর্শ অনুসরণ করে দেশের সার্বিক উন্নয়নের জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে বৌদ্ধ সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, বাংলাদেশ একটি সাম্প্রদায়িক সম্প্রীতির দেশ। সকল ধর্মের মূল বার্তা হচ্ছে মানবকল্যাণ করা। রাষ্টপতি বৌদ্ধ সম্প্রদায়ের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে গতকাল (১৩ মে সোমবার) বঙ্গভবনে আয়োজিত এক সংবর্ধনায় বৌদ্ধ সম্প্রদায়ের একটি প্রতিনিধিদলের উদ্দেশে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

৩। **বাজেট অধিবেশন শুরু আগামী ১১ জুন**

টানা তৃতীয় মেয়াদে সরকার গঠনের পর প্রথম বাজেট দিতে যাচ্ছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার। গতকাল (১৩ মে সোমবার) রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বাজেট অধিবেশন আহ্বান করেছেন। আগামী ১১ জুন বিকাল ৫ টায় এ অধিবেশন শুরু হবে। অর্থমন্ত্রী আ. হ. ম. মুস্তফা কামাল প্রথমবারের মতো এবার বাজেট পেশ করবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **প্রধানমন্ত্রী জাপান ও সৌদি আরব সফরে যাচ্ছেন আগামী ২৮ মে**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলতি মাসের শেষ সপ্তাহে জাপান ও সৌদি আরব সফরে যাচ্ছেন। প্রথমে জাপান, তারপর সৌদি আরব সফর শেষে তৃতীয় আরও একটি দেশে সফরে যেতে পারেন প্রধানমন্ত্রী। প্রথম দুটি দেশে সফরসূচি চূড়ান্ত হয়েছে। তৃতীয় দেশে সফর চূড়ান্ত করার ব্যাপারে আলাপ-আলোচনা চলছে। তৃতীয় দেশের সফর চূড়ান্ত হলে ঈদের পর দেশে ফিরবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামী ২৮ মে জাপানের উদ্দেশে ঢাকা ছাড়বেন প্রধানমন্ত্রী। তিনি জাপানের টোকিওতে ৩০ ও ৩১ মে অনুষ্ঠিতব্য দুদিনব্যাপী ফিউচার অভ্ এশিয়া সম্মেলনে অংশ নেবেন। ৩০ মে ঐ সম্মেলনে বক্তব্য দেবেন প্রধানমন্ত্রী। এর আগে ২৯ মে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের দ্বিপক্ষীয় বৈঠকের কথা রয়েছে। এ বৈঠকে বাংলাদেশকে জাপানের ২২০ কোটি মার্কিন ডলার সহায়তা দেওয়ার বিষয়ে একটি চুক্তি স্বাক্ষর হবে। জাপান সফর শেষে ৩০ মে সৌদি আরব রওনা হবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি ৩১ মে অনুষ্ঠিতব্য ওআইসি শীর্ষ সম্মেলনে অংশ নেবেন। এছাড়া প্রধানমন্ত্রী ওমরাহ পালন করবেন। তৃতীয় আর একটি দেশে সফর চূড়ান্ত হলে সৌদি আরব থেকে ঐ দেশে যাবেন প্রধানমন্ত্রী। তৃতীয় দেশের সফর চূড়ান্ত হলে প্রধানমন্ত্রী ঈদের পর দেশে ফিরবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮)।

৫। **যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সম্মানে প্রধানমন্ত্রীর ইফতার আগামী ১৯ মে**

লন্ডন সফরে থাকায় প্রতিবছরের মতো এবার প্রথম রোজা থেকে বিভিন্ন পেশাজীবীদের সৌজন্য ইফতার আয়োজন করতে পারেননি প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামী ১৯ মে থেকে তাঁর সরকারি বাসভবন গণভবনে এ ইফতার অনুষ্ঠিত হবে। প্রথম দিনে তিনি যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, এতিম ও দুস্থ শিশুদের সঙ্গে ইফতার করবেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

৬। অভিনেতা এ টি এম শামসুজ্জামানের উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রীর ১০ লাখ টাকা অনুদান

অভিনেতা এ টি এম শামসুজ্জামানের উন্নত চিকিৎসার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে ১০ লাখ টাকা অনুদান দেওয়া হয়েছে। আজগর আলী হাসপাতালে গতকাল (১৩ মে সোমবার) এ টি এম শামসুজ্জামানের মেয়ের হাতে এ অনুদানের চেক তুলে দেন প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া। সে সময় সেখানে উপস্থিত ছিলেন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইউনিটের সমন্বয়ক ডা. সামন্ত লাল সেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১২,ক.৭), **সমকাল** (পৃ.৪,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৭। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত সংবাদ প্রচারে মিডিয়া সেন্টার স্থাপন করা হবে : তথ্যমন্ত্রী

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গঠিত মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপ-কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল (১৩ মে সোমবার) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপ-কমিটির আহবায়ক ও তথ্যমন্ত্রী ড. হাসান মাহ্‌মুদ সভায় সভাপতিত্ব করেন। সভায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনের বিভিন্ন খবর দেশ-বিদেশে ব্যাপক প্রচার-প্রচারণা, পোস্টার ও বুকলেট প্রকাশ, দেশের সকল জেলা-উপজেলায় প্রজেক্টরের মাধ্যমে বঙ্গবন্ধুর উপর নির্মিত বিভিন্ন রেকর্ড ও ডকুমেন্টেশন প্রচার করাসহ মিডিয়া সেল গঠনের বিষয়ে আলোচনা করা হয়। সভায় তথ্যমন্ত্রী বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের জন্য একটি আধুনিক মিডিয়া সেল গঠন করা হবে। বঙ্গবন্ধুকে নিয়ে প্রতিদিন একটি করে কনটেস্ট তৈরি ও তা বিভিন্ন গণমাধ্যমে প্রচারের ব্যবস্থা করা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

৮। চরবাসীর জন্য আগামী বাজেটে ১০০ কোটি টাকা বরাদ্দ : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী এমএ মান্নান বলেছেন, দেশের কোনো মানুষকে উন্নয়নের মূল স্রোতধারা থেকে বাইরে রাখা হবে না। এজন্য চরাঞ্চলের মানুষের জন্য বাজেটে বড় অংকের বরাদ্দের প্রস্তাব রাখা হবে। বর্তমানে ৫০ কোটি টাকা রাখা হলেও তা প্রক্রিয়াগত জটিলতায় খরচ করা যাচ্ছে না। তবে আগামী বাজেটে তা ৫০ থেকে ১০০ কোটি টাকায় উন্নীত করার সুপারিশ করব। পাশাপাশি অর্থ খরচের জন্য পিকেএসএফসহ বেশকিছু প্রতিষ্ঠানকে যুক্ত করব। গতকাল (১৩ মে সোমবার) শেরে বাংলানগরে নিজ দপ্তরে ন্যাশনাল চর অ্যালায়েন্সের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময়ে পরিকল্পনামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**বণিকবার্তা** (পৃ.১২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৯। ঈদের ছুটির আগে শ্রমিকদের বেতন পরিশোধ করুন : শ্রম প্রতিমন্ত্রী

আসন্ন ঈদুল ফিতরের ছুটির আগেই পোশাকখাতসহ সব কলকারখানায় শ্রমিকদের বেতন-বোনাস পরিশোধের জন্য মালিকদের প্রতি আহ্বান জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মন্নুজান সুফিয়ান। গতকাল (১৩ মে সোমবার) ক্রাইসিস ম্যানেজমেন্ট বিষয়ক কোর কমিটির সভায় বেতন-বোনাস নিয়ে আলোচনা সভায় তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৫)।

১০। ঈদের অগ্রিম টিকিট বিক্রি শুরু বাসের ১৭ মে এবং ট্রেনের ২২ মে থেকে

ঈদুল ফিতর উপলক্ষে বাস ও ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু হচ্ছে আগামী ১৭ ও ২২ মে থেকে। ঈদ উপলক্ষে দেশের দক্ষিণ ও পশ্চিমাঞ্চলের প্রায় ৬০ রুটের বাসের অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে। রাজধানীর গাবতলী, মাজার রোড, কল্যাণপুর, শ্যামলী, কলেজগেট ও কলাবাগানের বিভিন্ন বাস কাউন্টার থেকে এ অগ্রিম টিকিট বিক্রি করা হবে। এছাড়া কমলাপুর ছাড়াও রাজধানীর ৫টি স্থান থেকে রেলওয়ের অগ্রিম টিকিট বিক্রয় করা হবে। এগুলো হলো বিমানবন্দর, বনানী ও জয়দেবপুর রেলওয়ে স্টেশন। এছাড়া রাজধানীর ফুলবাড়িয়া রেলওয়ে কল্যাণ ট্রাস্ট থেকেও ঈদ উপলক্ষে আন্তঃনগর ট্রেনের অগ্রিম টিকিট বিক্রির ব্যবস্থা করা হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

১১। ত্রাণ বিতরণে অনিয়ম করলে কঠোর ব্যবস্থা : ত্রাণ প্রতিমন্ত্রী

ত্রাণ বিতরণে কেউ অনিয়ম করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. এনামুর রহমান। গতকাল (১৩ মে সোমবার) সাভার উপজেলার মাসিক আইনশৃঙ্খলা কমিটির সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এ সময় তিনি আরও বলেন, রমজান মাসে কেউ খাদ্যে ভেজাল দিলে তার বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সূত্র : **যুগান্তর** (পৃ.১৬,ক.১)।

১২। ঢাকা-দিল্লি রুটে বিমানের প্রথম ফ্লাইট চালু

ঢাকা-দিল্লি রুটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইট চালু হয়েছে। গতকাল (১৩ মে সোমবার) ১৫২ যাত্রী নিয়ে বিমানের প্রথম ফ্লাইট বিকেল ৩টায় দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ছেড়ে যায়। সপ্তাহে ৩ দিন সোম, বৃহস্পতি ও শনিবার এ রুটে সরাসরি ফ্লাইট পরিচালনা করবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। গতকাল (১৩ মে সোমবার) বিমানবন্দরে ঢাকা-দিল্লি রুটের প্রথম ফ্লাইট আনুষ্ঠানিক উদ্বোধন করেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মো. মাহবুব আলী। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

১৩। বৌদ্ধ পূর্ণিমা উপলক্ষে সারাদেশে নিরাপত্তা জোরদার

বৌদ্ধ ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় অনুষ্ঠান বৌদ্ধপূর্ণিমা উদ্‌যাপন উপলক্ষে আগামী ১৮ মে সারা দেশে নিরাপত্তা জোরদার করা হয়েছে। বাড়ানো হয়েছে গোয়েন্দা তৎপরতা। ধর্মীয় উপাসনালগুলোতে নিশ্ছিদ্র নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের সব ইউনিটকে নির্দেশনা দিয়েছে পুলিশ সদরদফতর। সূত্র : **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৮)।

১৪। বিদেশ ফেরত প্রবাসীদের তথ্য সংগ্রহের উদ্যোগ : আইওএম'র সঙ্গে চুক্তি স্বাক্ষর

বিদেশ ফেরত প্রবাসীদের তথ্য সংগ্রহে সহায়তা দিচ্ছে জাতিসংঘ। এজন্য অর্থনৈতিকভাবে সহায়তা দিতে আন্তর্জাতিক অভিবাসন সংস্থার (আইওএম) সঙ্গে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এর আওতায় সংস্থাটি দিচ্ছে ২ লাখ মার্কিন ডলার। গতকাল (১৩ মে সোমবার) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলনকক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) অতিরিক্ত সচিব সুলতানা আফরোজ এবং আইওএম'র ডেপুটি চিফ ও মিশনপ্রধান স্যারন ডিমান্স। সূত্র : **যুগান্তর** (পৃ.১৩,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

১৫। দেশে দারিদ্র্যের হার ২১ দশমিক ৮ ও হতদরিদ্রের হার ১১ দশমিক ৩ শতাংশ : বিবিএসের খানা জরিপের চূড়ান্ত তথ্য

দেশে বর্তমানে দারিদ্র্যের হার কমে দাঁড়িয়েছে ২১ দশমিক ৮ শতাংশে। অন্যদিকে অতিদারিদ্র্যের হার নেমে এসেছে ১১ দশমিক ৩ শতাংশে। ২০১৮ সালের জন্য প্রক্ষেপণ হিসেবে এ তথ্য প্রকাশ করেছে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)। খানা আয় ও ব্যয় নির্ধারণ জরিপ ২০১৬-এর (এইচআইইএস ২০১৬) চূড়ান্ত প্রতিবেদন প্রকাশকালে গতকাল (১৩ মে সোমবার) বিবিএসের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়। সূত্র-**বণিকবার্তা** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

১৬। জালনোট প্রতিরোধে ব্যাংকগুলোকে সতর্কতার নির্দেশ : বাংলাদেশে ব্যাংকের প্রজ্ঞাপন

পবিত্র রমজান মাস উপলক্ষে জালনোট চক্রের অপতৎপরতা প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ করতে ব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। আসল নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সংবলিত ভিডিও চিত্র রাজধানীসহ দেশের গুরুত্বপূর্ণ শহরে প্রদর্শনের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। গতকাল (১৩ মে সোমবার) এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করেছে বাংলাদেশ ব্যাংক। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৩), **সমকাল** (পৃ.৪,ক.৩)।

১৭। **ত্রিদেশীয় সিরিজে ওয়েস্ট ইন্ডিজকে ৫ উইকেটে হারিয়ে ফাইনালে বাংলাদেশ**

ত্রিদেশীয় সিরিজে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে দ্বিতীয় ম্যাচেও জয় পেয়েছে বাংলাদেশ। গতকাল (১৩ মে সোমবার) তাঁরা ৫ উইকেটে হারিয়েছে ক্যারিবীয়দের। ডাবলিনের ম্যালাহাইডে প্রথম ব্যাট করে ২৪৭ রান সংগ্রহ করে ওয়েস্ট ইন্ডিজ। জবাবে ৪৭.২ ওভারে ৫ উইকেট হারিয়ে ২৪৮ রান সংগ্রহ করে বাংলাদেশ। আর এ জয়েই টুর্নামেন্টের ফাইনাল নিশ্চিত হয়ে যায় বাংলাদেশের। আগামী **১৭** মে ক্যারিবীয়দের বিরুদ্ধে শিরোপা লড়াইয়ে অবতীর্ণ হবে বাংলাদেশ। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** সম্প্রতি রাজধানীর একটি স্কুলে দেখা গিয়েছে একটি শ্রেণির **১৯** জন শিক্ষার্থীর ৭ জনই কোনো না কোনো চোখের সমস্যার ভুগছে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে স্মার্ট ফোন, ট্যাবের আসক্তি এর বড় কারণ হওয়ায় এ ব্যাপারে অভিভাবকদের সচেতন হওয়ার আহ্বান।

খ. **সমকাল :** অনলাইন মার্কেটিংয়ের নামে শতকোটি টাকা আত্মসাতের খবর এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এক্ষেত্রে আইনগত ব্যবস্থার পাশাপাশি সচেতনতামূলক কর্মসূচি নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **যায়যায়দিন, সংবাদ, যুগান্তর, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ এজ :** বিএসটিআই পরীক্ষায় নিম্নমান প্রমাণিত হওয়ায় ৫2টি খাদ্যপণ্য ১০ দিনের মধ্যে বাজার থেকে প্রত্যাহারের নির্দেশ দিয়েছে হাইকোর্ট উল্লেখ করে অবিলম্বে তা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **বণিক বার্তা :** ভূমধ্যসাগরে নৌকাডুবির ঘটনায় বেশ কয়েকজন বাংলাদেশি নিহত হয়েছে উল্লেখ করে অবৈধ অভিবাসন বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

ঙ. **সংবাদ :** দেশের বিভিন্ন স্থানে সড়ক দুর্ঘটনায় দুই শিক্ষার্থীসহ ১০ জন নিহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে সড়ক দুর্ঘটনারোধে কঠোর পদক্ষেপ কামনা।

চ. **ইন্ডিপেনডেন্ট :** কৃষকরা যাতে তাদের উৎপাদিত বোরো ধানের ন্যায্যমূল্য পায় সেদিকে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান, নিউ নেশন :** নিরাপদ খাবার পানি পান প্রতিটি নাগরিকের অধিকার উল্লেখ করে নিরাপদ খাবার পানি নিশ্চিতের ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, 'বঙ্গবন্ধু স্যাটেলাইট' সফল উৎক্ষেপণের মাধ্যমে স্যাটেলাইট ক্ষমতাধর ৫৭তম দেশ হিসেবে গৌরব অর্জন করায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণ এখন আতংকের নাম'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পরিবেশ সংরক্ষণ আইনের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করাসহ বায়ুদূষণ প্রতিরোধ এবং প্রতিকারে সর্বসাধারণের ব্যাপক ভূমিকা পালন করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা